# পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

**প্রধান কার্যালয়**

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

স্মারক নং- পসব্য/প্রকা/পরি-৫৭/২০২৩-২০২৪/৭৯০ তারিখঃ ২৭/১২/২০২৩ খ্রি.

## সভার নোটিশ

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪ এর অনুচ্ছেদ নং ১.২ অনুযায়ী পল্লী সঞ্চয় ব্যাংকের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ ও বাস্তবায়নের নিমিত্ত ব্যাংকের স্টেকহোল্ডারগণের সমন্বয়ে এক সভা জনাব মো: আলা উদ্দিন, মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে আগামী ২৮/১২/২০২৩ তারিখ বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকায় প্রধান কার্যালয়ে অনলাইনে জুমের মাধ্যমে ভার্চুয়ালি অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় প্রধান কার্যালয় এবং কুষ্টিয়া সদর শাখা-কুষ্টিয়া, ভালুকা শাখা-ময়মনসিংহ, পটিয়া শাখা-চট্টগ্রাম ও রংপুর সদর শাখা-রংপুর এর সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী এবং সমিতির ৪/৫ জন করে সদস্যসহ যথাসময়ে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচিঃ

১) ব্যাংকের গ্রাহকদেরকে সহজে সেবা প্রদানের লক্ষ্যে সিটিজেনস্ চার্টার এর গুরুত্ব ও তাৎপর্য আলোকপাতকরণ;
২) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণদের অবহিতকরণ;
৩) নারী উদ্যোক্তাদের অংশগ্রহণ জোরদারকরণ;
৪) বিবিধ

জুম মিটিংয়ের আইডি ও পাসওয়ার্ড নিম্নে দেওয়া হলো:
Meeting ID: 819 6835 2642
Passcode: 123456

অনুমোদনক্রমে,

27/12/2023
মোঃ সাজ্জাদ হোসেইন তামিম
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
ও
বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন কমিটি

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপকগণের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। বিভাগীয় প্রধান, আইসিটি সিস্টেম/ আইসিটি অপারেশন বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, কুষ্টিয়া/ময়মনসিংহ/চট্টগ্রাম/রংপুর।
৬। শাখা ব্যবস্থাপক, কুষ্টিয়া সদর শাখা-কুষ্টিয়া, ভালুকা শাখা-ময়মনসিংহ, পটিয়া শাখা-চট্টগ্রাম ও রংপুর সদর শাখা-রংপুর।
৭। অফিস নথি।

**পল্লী সঞ্চয় ব্যাংক**

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

**প্রধান কার্যালয়**

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

www.pallisanchaybank.gov.bd

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

**পল্লী সঞ্চয় ব্যাংকের ২০২৩-২০২৪ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ ও বাস্তবায়নের নিমিত্ত স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অনুষ্ঠিত ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩) ২য় সভার কার্যবিবরণী:**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: আলা উদ্দিন, মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), পল্লী সঞ্চয় ব্যাংক। |
| সভার তারিখ | : ২৮/১২/২০২৩ খ্রি., রোজ- বৃহস্পতিবার। |
| সময় | : সকাল ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : ব্যাংকের প্রধান কার্যালয়ের বোর্ড রুম, ইস্কাটন গার্ডেন, ঢাকা। |

(**সভার উপস্থিতি:** অনলাইনে জুমের মাধ্যমে অনুষ্ঠিত সভার স্ক্রিনশট, পরিশিষ্ট-'ক')

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার প্রারম্ভে সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্যে সভায় উপস্থিত এবং ভার্চুয়ালি সংযুক্ত সবাইকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত প্রধান কার্যালয় এবং কুষ্টিয়া সদর শাখা-কুষ্টিয়া, ভালুকা শাখা-ময়মনসিংহ, পটিয়া শাখা-চট্টগ্রাম ও রংপুর সদর শাখা-রংপুর এর সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী এবং সমিতির ৪/৫ জন সদস্যগণের সাথে বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা-পর্যালোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

১) শুদ্ধাচার বাস্তবায়নে সকলকে স্ব স্ব কার্যালয়ে সিটিজেনস্ চার্টার অনুসরণপূর্বক দায়িত্ব সঠিকভাবে পরিপালন করতে হবে।

২) ঋণ গ্রহণ ও উক্ত ঋণ সঠিকভাবে কাজে লাগিয়ে উপকৃত হওয়ার দিক নির্দেশনা প্রদান করা হয়।

৩) ঋণ পরিচালনায় কোন রকম সমস্যা হচ্ছে কিনা তা নিশ্চিত করা হয়।

৪) SDG এর লক্ষ্যমাত্রা অর্জন ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রত্যেকটি শাখা/কার্যালয়কে তাদের প্রদত্ত সেবাসমূহ সহজীকরণের মাধ্যমে জনগণের দোড়গোড়ায় পৌছে দেয়ার লক্ষ্যে নানামুখী উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।

৫) সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী গ্রাহক সেবা প্রদান/ যথাযথভাবে ব্যাংকিং কার্যাবলি সম্পাদন হচ্ছে কী না সে বিষয়ে স্টেকহোল্ডারগণের সাথে পর্যালোচনা করতে হবে।

৬) ব্যাংকের গ্রাহকদেরকে সহজে সেবা প্রদানের লক্ষ্যে সঞ্চয় জমা, ঋণ প্রদান করার পূর্বেই সংশ্লিষ্ট কাজে পরিকল্পনা গ্রহণ করে সে অনুযায়ী বাস্তবায়ন করতে হবে।

৭) সেবার মানোন্নয়নের মাধ্যমে নতুন নতুন গ্রাহককে ব্যাংকমুখী করতে হবে;

৮) প্রতিটি শাখায় নারী উদ্যোক্তাদের অর্থনৈতিক কর্মকান্ডের সাথে সম্পৃক্ত হতে উদ্বুদ্ধ করতে হবে।

৯) সময়মত ঋণ পরিশোধ না করলে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার বিষয়ে ঋণগ্রহীতাদের সচেতন করতে হবে। কোন অনিয়ম বা কোন গ্রাহক কোন হয়রানির শিকার হলে ব্যাংকের ভাবমুর্তি নষ্ট হবে তাই এ ধরণের অভিযোগ পাওয়া গেলে দায়ী কর্মকর্তা কর্মচারীর বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০) সমিতির সদস্য নয় এমন ব্যক্তিকে ঋণ প্রদান করা যাবে না, সমিতির সদস্য নয় কিন্তু স্ট্যাম্প ব্যবহার করে ঋণ প্রদান করা হলে জড়িতদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১) গ্রাহকদেরকে উদ্বুদ্ধকরণের মাধ্যমে সঞ্চয় জমা ও তাঁদের চাহিদার প্রেক্ষিতে ফান্ড থাকা সাপেক্ষে ঋণ প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঋণের অর্থ গ্রাহকগণ আয়বর্ধক কাজে বিনিয়োগ করে এবং সঠিক সময়ে যেনো পরিশোধ করে সে বিষয়ে দৃষ্টি রাখতে হবে।

১২) গ্রাম সমিতিতে একই পরিবার থেকে একজনের বেশি সদস্য হতে পারবেনা।

28/12/2023

(মো: আলা উদ্দিন)
মহাব্যবস্থাপক
সভাপতি ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
ফোন: ০২-৫৫১৩৮৫৩৮

স্মারক নং- পসব্যা/প্রকা/পরি-৫৯/২০২৩-২০২৪/ ৮৩৫ তারিখ: ২৮/১২/২০২৩ খ্রি.

<u>সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপকগণের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটির সদস্যবৃন্দ।
৫। জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা।
৬। নিরীক্ষা দলনেতা (সকল), নিরীক্ষা কার্যালয়, পল্লী সঞ্চয় ব্যাংক।
৭। শাখা ব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
৮। অফিস কপি।

পরিশিষ্ট-ক

পল্লী সঞ্চয় ব্যাংকের ২০২৩-২০২৪ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ ও বাস্তবায়নের নিমিত্ত স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২৮/১২/২০২৩ তারিখ রোজ- বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় অনলাইনে জুমের মাধ্যমে অনুষ্ঠিত ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩) ২য় সভার স্ক্রীন শট:







